গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ "কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাধীন নির্মিতব্য মিঠামইন সেনা স্থাপনার ভূমি সমতল উঁচুকরণ, ওয়েভ প্রটেকশন ও তীর প্রতিরক্ষা কাজ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	০২-১১-২০২১।
সভার সময়	বেলা ১২.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩০৪৯৪.৬৮ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২২ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৮৫.৩৯% এবং আর্থিক অগ্রগতি ৬৬.২৫%।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(ক)	প্রকল্প পরিচালক (সেনাবাহিনী) জানান যে, গত ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত সর্বমোট এডিপি/আরএডিপি বরাদ্দকৃত ১৩৯.০৫ কোটি টাকা ব্যয় হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে ১২৬.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। তন্মধ্যে ১ম ও ২য় কিস্তির মোট ৬৩.০০ কোটি টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পের মোট বরাদ্দের পরিমাণ (১৩৯.০৫+১২৬.০০)=২৬৫.০৫ কোটি টাকা। প্রকল্পটি চলতি ২০২১-২২ অর্থবছরে সমাপ্ত হবে। বিধায় অতিরিক্ত (৩০৪.৯৪-২৬৫.০৫)=৩৯.৮৯ কোটি টাকার প্রয়োজন।	প্রকল্পটি চলতি ২০২১-২২ অর্থবছরে সমাপ্ত করার লক্ষ্যে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ, পাসম।
(খ)	প্রকল্প পরিচালক, বাপাউবো জানান, প্রকল্পের ১ম সংশোধনের জন্য ইতোমধ্যেই প্রস্তাবিত ডিপিপি দাখিল করা হয়েছে। প্রকল্পের ১ম সংশোধন তথা সংশোধিত ডিপিপিটি অনুমোদিত হলে প্রকল্প ব্যয় প্রায় ৫০.০০ কোটি টাকা বৃদ্ধি পাবে। সে হিসেবে চলতি ২০২১-২২ অর্থ বছরে প্রায় (৩৯.৮৯+৫০.০০)=৮৯.৮৯ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে।	দাখিলকৃত আরডিপিপি অনুমোদনের দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বৃদ্ধি প্রাপ্ত অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ, পাসম ও বাপাউবো।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৩২.১৮-৪০১

তারিখ: ২৪ কার্তিক ১৪২৮
০৯ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১২) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
১৩) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৪) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৫) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৬) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৮) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৯) উপসচিব, উন্নয়ন-৫ শাখা, (ফোকাল পয়েন্ট কর্মকর্তা কিশোরগঞ্জ), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
২১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাধীন নির্মিতব্য মিঠামইন সেনা স্থাপনা এর ভূমি সমতল উঁচুকরণ, ওয়েভ প্রটেকশন ও তীর সংরক্ষণ কাজ” শীর্ষক প্রকল্প, ময়মনসিংহ পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।
২২) প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী), “কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাধীন নির্মিতব্য মিঠামইন সেনা স্থাপনা এর ভূমি সমতল উঁচুকরণ, ওয়েভ প্রটেকশন ও তীর সংরক্ষণ কাজ” শীর্ষক প্রকল্প, ২৪ ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
২৪) নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ।
২৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
২৬) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব